

স্মারক নং- ৩২.০১.৭০০০.০০১.১১.০০২.২২.১২৬(৫০)

তারিখ: ২৪/০২/২০২২ খ্রি:


“প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচী” শীর্ষক অনুমোদিত প্রকল্পের আওতাধীন উপপরিচালকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর “মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে” ০৩(তিন) মাস মেয়াদী (এপ্রিল/২০২২ হতে জুন/২০২২) নিম্নোক্ত ট্রেড সমূহে চাঁপাইনবাবগঞ্জ জেলার প্রকৃত বেকার ও দুঃস্থ মহিলাদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃনং	ট্রেডের নাম	মেয়াদ	বয়স-সীমা	শিক্ষাগত যোগ্যতা
০১	ডেস মেকিং এন্ড টেইলারিং	০৩(তিন) মাস	১৬-৪৫ বৎসর	অষ্টম শ্রেণী
০২	হ্যান্ড এমব্রয়ডারি এন্ড কারচুপি ওয়ার্কস	০৩(তিন) মাস	১৬-৪৫ বৎসর	অষ্টম শ্রেণী
০৩	ব্লক-বাটিক এন্ড প্রিন্টিং	০৩(তিন) মাস	১৬-৪৫ বৎসর	অষ্টম শ্রেণী
০৪	ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন	০৩(তিন) মাস	১৬-৪৫ বৎসর	অষ্টম শ্রেণী
০৫	সার্টিফিকেট ইন বিউটিফিকেশন	০৩(তিন) মাস	১৬-৪৫ বৎসর	অষ্টম শ্রেণী

শর্তবলীঃ

০১. দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ০৯/০৩/২০২২ খ্রি:।
০২. পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ২ কপি, নাগরিকত্ব সনদ ১ কপি, জাতীয় পরিচয় পত্র/ জন্ম সনদ ১ কপি, শিক্ষাগত যোগ্যতার সনদ ১ কপি দরখাস্তের সহিত দাখিল করতে হবে।
০৩. সামাজিক বিপন্নতা সম্পন্ন মহিলাদের অগ্রাধীকার দেয়া হবে (বিধবা/ তালাকপ্রাপ্তা/ স্বামী পরিত্যক্তা প্রার্থীদের সহায়ক প্রমানক সংযুক্ত করতে হবে)।
০৪. মৌখিক পরীক্ষা আগামী ২০/০৩/২০২২ খ্রি: তারিখে সকাল ১০.০০ টায় অত্র কার্যালয়ে গ্রহণ করা হবে। (দাখিলকৃত সনদের মূল কপি সঙ্গে আনতে হবে)।
০৫. ইতোপূর্বে প্রশিক্ষণ গ্রহণকারী মহিলাদের আবেদন গ্রহণযোগ্য হবে না।
০৬. ভর্তি সংক্রান্ত কাজে অত্র কার্যালয়ের সহিত যোগাযোগ করার জন্য কোন প্রকার যাতায়াত ভাতা দেয়া হবে না।
০৭. যে কোন আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


২৪/০২/২০২২
(মোসাম সাহিদা আখতার)
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:

- ০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), চাঁপাইনবাবগঞ্জ।

বহল প্রচারের জন্য অনুলিপি:

- ০৪। -----চাঁপাইনবাবগঞ্জ।
- ০৫। নোটিশ বোর্ড -----চাঁপাইনবাবগঞ্জ।
- ০৬। অফিস নথি।